গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৬৫.০০০.৩১.০১৫.২৪- ৬২২

তারিখ: ১৩ চৈত্র ১৪৩১ / ২৭ মার্চ ২০২৫

**বদ্ধ সরকারি জলমহাল (খাস পুকুর) পুনঃ ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকল প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন নিম্ন বর্ণিত ইজারাযোগ্য জলমহালসমূহ বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত তিন বছর মেয়াদে (২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল) ইজার প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-২৯৪ নম্বর স্মারকের জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে অফিস চলাকালীন জানা যাবে।

| অফলাইনে আবেদনের কপি ও জামানতের ডিবি/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে করে উপজেলা ভূমি অফিসে দাখিলের সময়সীমা | দাখিলকৃত আবেদন যাচাই বাছাইয়ের সময়সীমা |
|---|---|
| ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/৭ এপ্রিল ২০২৫ থেকে ২৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/৮ এপ্রিল ২০২৫ | ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ/৮ এপ্রিল ২০২৫ |

**মুক্তাগাছা উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত জলমহালের তালিকা**

| ক্র. নং. | জলাশয়/পুকুরের নাম | ইউনিয়ন/অবস্থান | মৌজার নাম | সম্ভাব্য সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | লাঙ্গুলীয়া মধ্যপাড়া পুকুর | বাশাটি | লাঙ্গুলীয়া | ২২,০৫০/- | |
| ০২ | প্রাণনাথবাড়ী খাস পুকুর | বাশাটি | প্রাণ্ণাথবাড়ী | ৭,১১১/- | |
| ০৩ | বেণীপুর পুকুর | মানকোন | বেণীপুর | ২,৪২৫/- | |
| ০৪ | শিরখালী মরানদী পুকুর | মানকোন | শ্রীপুর মাইজহাটী | ২৩,১৫২/- | |

**শর্তাবলী**

০১। আবেদনকারী যে জলমহালের জন্য আবেদন দাখিল করবেন সে জলমহালটি সরজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।
০২। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকায় উপজেলা ভূমি অফিস, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে সংগ্রহ করতে হবে।
০৩। জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি আবেদনপত্রের সাথে সংযোক্ত করতে হবে।
০৪। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
০৫। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন / ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।
০৬। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য কার্যাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।
০৭। প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
০৮। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে।
০৯। মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে।
১০। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১১। সমিতির গঠনতন্ত্র এবং সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।
১২। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।
১৩। বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।
১৪। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
১৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

27.03.25

আতিকুল ইসলাম
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
মুক্তাগাছা, ময়মনসিংহ

CS CamScanner